

কারিগরি শিক্ষা,  
সমৃদ্ধ বাংলাদেশ



শিক্ষা নিয়ে  
গড়ব দেশ, শেখ  
হাসিনার  
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০২ (প্রশাসন)  
www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০১১.০২.০০৩.১৮.১০০

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪

০২ এপ্রিল ২০১৮

বিষয়: সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত টাকা হতে ফেরৎ যোগ্য অগ্রিম মঞ্জুরীর আবেদন  
সংশোধন পূর্বক প্রেরণ সংক্রান্ত।

সূত্র: ৫৭.০৩.০৬৫১.২০০.৬৪.০৬৪.১৮- ৭৬৭, তারিখঃ ২২/০৩/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট, বরিশাল এর শিক্ষক জনাব সিকদার মো: মহসীন, ইনস্ট্রাক্টর (মেকানিক্যাল) সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত টাকার মধ্য হতে ফেরতযোগ্য অগ্রিম মঞ্জুরীর জন্য অধ্যক্ষের মাধ্যমে আবেদন করেছেন।

২। গৃহ নির্মাণঃ সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি- ১৩(৫) (এ) মোতাবেক বাড়িঘর নির্মাণের জন্য জমাকৃত টাকার ৮০% অথবা ৩৬ মাসের মূল বেতনের সমপরিমান এর মধ্যে যেটি কম, উহার অধিক হইবে না।

৩। গৃহ মেরামতঃ তবে আবাসগৃহ মেরামতের উদ্দেশ্যে অগ্রিমের পরিমাণ ১২ মাসের মূল বেতন বা তহবিলে সঞ্চিত অর্থের ৭৫%, এই উভয়ের মধ্যে যাহা কম সে পরিমাণ অগ্রীম দেয়া যেতে পারে।

৪। উল্লেখিত শিক্ষকের আবেদনে গৃহ মেরামত অগ্রীমের পরিমাণ নির্ধারিত সীমার মধ্যে এবং বিধি মোতাবেক না হওয়ার কারণে সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত টাকার মধ্য হতে ফেরতযোগ্য অগ্রিম মঞ্জুরীর জন্য বিবেচনা করা গেল না।

৫। এমতাবস্থায়, আবেদনকারীকে তার আবেদন সংশোধন পূর্বক সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি- ১৩(৩) ও (৪) এর (১ ও ২) এবং ১৩(৫) এর (এ) মোতাবেক ফেরতযোগ্য অগ্রিম মঞ্জুরীর নিমিত্ত পুনরায় আবেদন করার জন্য নির্দেহ্রমে অনুরোধ করা হ'ল।

২-৪-২০১৮

নাজমুন নাহার  
সহকারী পরিচালক

অধ্যক্ষ, বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০১১.০২.০০৩.১৮.১০০/১(৪)

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪

০২ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) জনাব -----পলিটেকনিক ইনস্টিটিউট।

২) ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রখানা ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩) পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সংরক্ষণ নথি।



২-৪-২০১৮

নাজমুন নাহার  
সহকারী পরিচালক